মেহেরপুরে ডায়রিয়ায় আক্রান্ত হয়ে এক নারীর মৃত্যু

ডায়রিয়ায় আক্রান্ত হয়ে মেহেরপুরের মুজিবনগর উপজেলার মানিকনগরের গ্রামের আসলিমা খাতুন (৬০) নামের এক নারীর মৃত্যু হয়েছে।

আজ শনিবার ভোর সোয়া ৪টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। তিনি মানিকনগর গ্রামের নিজাম মণ্ডলের স্ত্রী। ডায়রিয়ার পাশাপাশি তিনি জটিল কিডনি রোগে ভুগছিলেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালে আবাসিক মেডিকেল কর্মকর্তা (আরএমও) মোকলেছুর রহমান জানান, আসলিমা খাতুন নামের ওই রোগী শুক্রবার রাত পোনে ১টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হয়। এর আগে একদিন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি ছিলেন। তিনি জটিল কিডনি রোগে ভুগছিলেন। একই সঙ্গে ডায়রিয়ায় আক্রান্ত হলে পানি শুণ্যতার কারণে প্রসাব আটকিয়ে যায়। আমাদের এখানে কয়েকঘন্টা চিকিৎসাধীন থাকা অবস্থায় তিনি মৃত্যু বরণ করেন ।

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ইফতার মাহফিল

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার মেহেরপুর জেলা প্রশাসন প্রাঙ্গণে ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেন এমপি। বিশেষ অতিথি ছিলেন, জেলা জজ মোহাম্মদ ওয়ালিউল ইসলাম,

চুয়াডাঙ্গা বিজিবির পরিচালক অধিনায়ক শাহ মোঃ ইশতিয়াক পিএসসি, জেলা চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট শিরিন নাহার, জেলা পুলিশ সুপার রাফিউল আলম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

অতিথি হিসেবে মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম, গাংনী পৌর মেয়র আহম্মদ আলী, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস, জেলা জজ আদালতে পিপি অ্যাড. পল্লব ভট্টাচার্য, উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপন, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মুন্টু, সাবেক সভাপতি আলামিন হোসেন, সাধারণ সম্পাদক ফারুক হোসেন, গাাংনী উপজেলা ভাইস চেয়ারম্যান ফারহান ইয়াসমিন, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকনসহ সরকারি বেসরকারি কর্মকর্তারা- কর্মচারী ও রাজনৈতিক নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীর গাড়াবাড়িয়াতে ৯৫ এসএসসি ব্যাচের ইফতার মাহফিল

মেহেরপুরের গাংনী উপজেলার কুতুবপুর স্কুল অ্যান্ড কলেজের এসএসসি ১৯৯৫ ব্যাচের ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিদ্যালয় প্রাঙ্গনে এ ইফতার মাহফিলের আয়োজন করে ৯৫ এর সহপাঠিরা।

ইফতার মাহফিলে মহাদ্দেস আলী, জিয়াউর রহমান, আক্তারুজ্জামান লাভলু, শাহারুল ইসলাম, জাহাঙ্গীর হোসেন, শিমুল হোসেন, মাজহারুল ইসলাম, হাফিজুল্ হক, মনি,ফারুক হোসেন, মিরণসহ ৯৫ এর সহপাঠিরা অংশ নেন।

এসময় তারা দেশ ও সমাজের কল্যান কামনা করে দোয়ায় শরিক হোন।

মুজিবনগরে ফেন্সিডিলসহ আটক-১

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজার থেকে ২ বোতল ফেন্সিডিলসহ আজিবর রহমান (৩১) নামের এক যুবককে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার দিকে তাকে আটক করা হয়। আটককৃত আজিবর রহমান দারিয়াপুর গ্রামের নজরুল ইসলামের ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, দারিয়াপুর বাজারে মাদক নিয়ে অবস্থান করছে, এমন গোপন সংবাদের ভিত্তিতে এসআই বিশ্বজিৎ সরকারের নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই হেলাল উদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ২ বোতল ফেন্সিডিলসহ আজিবার রহমানকে আটক করে।

আটককৃত আজিবর রহমানের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর আইনে মামলা প্রক্রিয়াধীন।

গাংনীতে পোশাকের দোকানে বেচাকেনায় ভাটা

প্রসিদ্ধ কাপড় বিপনন প্রতিষ্ঠান মেহেরপুরের জামান গার্মেন্টসের মনিরুজ্জামান দিপু ও গাংনীর কাজল বস্ত্রালয়ের সত্বাধিকারী হাফিজুর রহমান কাজল মলিন মুখে বসে আছেন। সেই সাথে আট,দশজন কর্মচারিও পার করছেন অলস সময়।

গেল দু’বছর করোনাকালীন সময়ে অন্তত চারটি ঈদ গত হয়েছে। সেসময়

ব্যবসা হয়নি। এবার কোনো বিধি নিষেধ না থাকলেও ক্রেতা সাধারণের দেখা নেই। শুধু কাজল বস্ত্রালয়ই বলবো কেনো, এমন দশা বিভিন্ন বিপনী বিতানের ব্যবসায়ীদের।

দ্রব্য মুল্যের উর্দ্ধগতি সেই সাথে কৃষকের মাঠের ফসল বেচা বিক্রি না হওয়ায় তারা বাজারমুখি হচ্ছেন না। আর যারা আসছেন তারাও বাজার যাচাই করেই ফিরে যাচ্ছেন। ফলে ক্রেতাশুন্য বিভিন্ন বিপনী বিতান। তবে হতাশ হয়নি ব্যবসায়ীরা। আরো কিছুদিন হলে বেচা বিক্রি বাড়বে বলে জানান পোষাক ব্যবসায়ীরা।

এবছর রমজানের রোজা,সেই সাথে পহেলা বৈশাখ। দুটি উৎসবেই বাঙ্গালীদের প্রাণের উৎসব। এসময় তরুণ তরুণী ও বয়স্করা উৎসব পালনের জন্য নানা অনুসঙ্গ কিনে থাকেন।

এর মধ্যে বিশেষ করে পাঞ্জাবী, সালোয়ার কামিজ ও শাাড়ি। গেল বছর পোশাকে ছিল বর্ষার ছাপ। নান্দনিক কারুকার্য খচিত বিভিন্ন ডিজাইনের পাঞ্জাবী ও সালোয়ার কামিজ ছিল তরুণ তরুণীদের একচেটিয়া পছন্দ।

এবারও দোকানিরা গেল বছরের টার্গেট নিয়ে এবার আমদানি করেছেন হরেক রকম বাহারী ডিজাইনের অনুষঙ্গ। কিন্তু জমে ওঠেনি কেনাকাটা।

ক্রেতা সাধারণদের মতে চলতি বছর দ্রব্য মুল্যের উর্দ্ধগতি ও ক্ষেতের ফসল বিক্রি করা না হওয়ায় কেনাকাটা করতে পারছেন না। আরো কিছুদিন পরে কেনাকাটায় বাজার মুখি হবেন ক্রেতারা।

ননদ লাভলী আক্তারকে সাথে নিয়ে গাংনী এসএম প্লাজায় এসেছিলেন ভাটপাড়া গ্রামের মৌসুমী খাতুন। বেশ কয়েকটি দোকান ঘুরেও ডিজাইন ও সুতা পছন্দ না হওয়ার অজুহাতে শুন্য হাতে বাড়ি ফিরছেন।

তাদের পছন্দ ভারতীয় নায়িকা পুষ্পার পোশাক। বাজারে আমদানীও বেশ। সামনে সপ্তাহে পরিবারের লোকজনকে নিয়ে কেনাকাটা করবেন বলে জানান তিনি।

স্কুল ছাত্রী নুসরাত জামান জানায়, পুষ্পার একটি ড্রেস পছন্দ হয়েছিল। অনেক বেশি দাম তাই নেয়া হচ্ছেনা। নতুন পোশাক পাওয়া গেলেও দাম হাকছেন বেশি। অনেকেই কেনা দামের দ্বিগুন দাম চাইছে তাই ব্যবসায়ীদের ওপর আস্থা হারিয়ে গেছে। যা কিনবো তা যাচাই করেই কিনবো ।

গাড়াডোব গ্রামের স্কুল ছাত্র তোহিদুল জানায়, কাচা বাদাম প্যান্ট কিনবো বলে বাজারে এসেছিলাম। অনেক দাম চাইছেন। বাজারের একটি পোশাকের দোকানেও মুল্য তালিকা টাঙ্গানো নেই। আমরা দামের ব্যাপারে অনেকটাই হতাশ।

এদিকে বেশ ক’জন কলেজ শিক্ষার্থীও বাজারে ঘুরছেন। পরখ করে দেখছেন হরেক রকম ডিজাইনের পোষাক।

রকি গার্মেন্টেস এর মালিক রকি জানান, মেয়েদের পুষ্পা,আর ছেলেদের কাচা বাদাম পছন্দ। সম্প্রতি ফেসবুক ভাইরাল হওয়া ভারতের ভুবন বাদ্যকরের গায়ে থাকা পোশাকের আদলে তৈরী করা হয়েছে পোশাক। যার নাম দেয়া হয়েছে ‘কাচা বাদাম’।

অনেকেই এ পোশাক নেয়ার জন্য দোকানীদের কাছে আগেই বায়না দিয়েছেন। তবে বাঙ্গালী নারীদের চিরায়িত পোশাক শাড়ীর চাহিদা আগের মতই। নববর্ষে লাল পাড়ে সাদা শাড়ী অথবা গ্রামীণ কারুকার্য খচিত ডিজাইনের শাড়ী বেচা বিক্রি হলেও এবছর তা হচ্ছেনা।

গাংনীর জামান গার্মেন্টেসের মালিক জামান জানান, রোজা শুরুর আগের সপ্তাহে বেচা বিক্রির একটি ঝুল তোড় গেছে। রোজার দশ দিন হলো বাজারে ক্রেতা নেই। যারা আসছেন তারা পরে কিনবেন বলে ফিরে যাচ্ছেন। তবে তাদের আর দেখা মিলছেনা।

অনেকেই গ্রামের দোকান থেকেও কেনাকাটা সারছেন। জামান আরো জানান, ব্যবসা এমনই। আজ ক্রেতা না থাকলেও কাল হবে। ২০ রোজার পর বেচা কেনার চাপ বাড়তে পারে বলেও আশায় বুক বেঁধে আছেন তিনি। মেহেরপুর ও গাংনীর শহর ঘুরে দেখা গেছে বিপনী বিতানের একই চিত্র।

গাংনী বাজার কমিটির সভাপতি স্বপন জনান, দীর্ঘদিনের বিধি নিষেধের পর এবার মাহে রমজান শুরু হয়েছে। মাত্র দশদিন হয়েছে। এখনো অনেক সময় সামনে। রমজানের মাঝামাঝিতে বাজার জমে উঠবে।

ব্যবসায়ীরা এখন অলস সময় পার করলেও কয়েকদিন পর দোকানে দাঁড়ানো যাবেনা। তবে ক্রেতাদের সাথে বেশি মুল্য না নিতে পারে সে ব্যাপারে সকলকেই অবহিত করা হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, প্রচন্ড গরমে দিনের বেলায় ক্রেতা না থাকলেও সন্ধ্যার পর পোশাকের দোকানে ভীড় হয়। ক্রেতা সাধারণ ও ব্যবসায়ীদের নিরাপত্তার বিষয়ে পুলিশ

প্রশাসনকে বিশেষ নজরদারি করতে বলা হয়েছে।

পুলিশ সার্বক্ষনিক টহল দিচ্ছে। ব্যবসায়ীরা পোশাকের দাম অনেক বেশি চাইলে আমার কাছে অভিযোগ করার সুযোগ রয়েছে। তবে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে কয়েকদিনের মধ্যেই বাজার মনিটরিং কার্যক্রম শুরু হবে।

বর্ণাঢ্য আয়োজনে আমঝুপিতে পহেলা বৈশাখ উদযাপন

বর্ণাঢ্য আয়োজনের মধ্যদিয়ে মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে বিভিন্ন প্রতিষ্ঠানে পহেলা বৈশাখ ১৪২৯ বাংলা নববর্ষ পালন করা হয়েছে।

দিনব্যাপি র্যালি, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বাংলা নববর্ষ কে নিয়ে আলোচনা সভার আয়োজন করা। নববর্ষ উপলক্ষে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সকাল ৯টার সময় র্যালি, বাংলা নববর্ষ উপলক্ষে কবিতা আবৃত্তি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

সভার সভাপতিত্ব করেন মেহেরপুর সদর উপজেলার আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউপি চেয়ারম্যান ও আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সভাপতি মোঃ বোরহান উদ্দীন আহমেদ চুন্নু। এ সময় উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাফিজুজজামান, আরো ছিলেন সহকারী শিক্ষক আবুল হাসান, শরিফ আহমেদ, বশির আহমেদ, রাফিউল ইসলাম, ফারাহ হোসেন লিটন, আলহাজ উদ্দীন, হাবিবুর রহমান, আসাদুল হক, শাহানাজ পারভীন, শাজেদা বানু, নারগিজ চৌধুরী।

অপরদিকে নানা আয়োজনে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ে ও আমঝুপি গন্ধরাজপুরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বাংলা নববর্ষ পালন করা হয়েছে। এসময় উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক আহম্মদ আলী, সহকারী প্রধান শিক্ষক হাসান মোঃ কামরুদ্দোজা (পরাগ)।

গন্ধরাজপুরপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ

কিতাব আলী, মোঃ আব্দুল করিম, মোঃ আশিক রেজা, মোঃ ওমর ফারুক লিটন, মোঃ জাহির চঞ্চল, মোঃ সোহেল রানা, মোঃ মিকাইল।

মেহেরপুরে ইমাম সমিতির সদকাতুল ফিতরা নির্ধারণ

মেহেরপুরে জেলা ইমাম সমিতির উদ্যোগে সদকাতুল ফিতরা নির্ধারণ করা হয়েছে।এবার মেহেরপুর জেলায় জনপ্রতি ফিতরা ৭৫ টাকা নির্ধারণ করা হয়েছে।

কেউ যদি যব দিতে চাই সেক্ষেত্রে ৩ শত টাকা, কিসমিস ১ হাজার ৫৫ টাকা, খেজুর ১ হাজার ৯৮০ টাকা, পনির ১ হাজার ৩১০ টাকা নির্ধারণ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরের দিকে হোটেল বাজার জামে মসজিদে, জেলা ইমাম সমিতির উদ্যোগে আলোচনা সভা শেষে সদকাতুল ফিতরা নির্ধারণ করা হয়।

এসময় মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি ও হোটেল বাজার জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা রোকনুজ্জামান, সাধারণ সম্পাদক মাওলানা সিরাজ উদ্দিন, গাংনী উপজেলা সভাপতি মাওলানা রুহুল আমিন, সাধারণ সম্পাদক মাওলানা ইলিয়াস হোসেন, মুজিবনগর উপজেলা সাধারণ সম্পাদক মাওলানা মোঃ হেলাল উদ্দিন, সদর উপজেলা সভাপতি মাওলানা সানোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মাওলানা নাসির উদ্দিন সহ অন্যান্য ইমাম গণ উপস্থিত ছিলেন।

বর্ণাঢ্য আয়োজনে মুজিবনগরে পহেলা বৈশাখ উদযাপন

বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা ও আলোচনা সভার মধ্য দিয়ে মুজিবনগরে পহেলা বৈশাখ উদযাপন হয়েছে। পহেলা বৈশাখ উপলক্ষে বৃহস্পতিবার সকাল সাড়ে নয়টার সময় মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে প্রাঙ্গন থেকে একটি বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা শুরু হয়ে মুজিবনগর উপজেলা চত্বরে এসে শেষ হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে মঙ্গল শোভাযাত্রায় উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা ইনচার্জ মেহেদি রাসেল, জেলা আওয়ামী লীগের অন্যতম সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সহ সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুনুর রশিদ, মোনাখালি ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান মাহবুবুর রহমান রবি, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খান উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স কর্মকর্তা জাহাঙ্গীর আলম উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসার জাহাঙ্গীর আলম, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম সহ উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারী স্কুল-কলেজের শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ মঙ্গল শোভাযাত্রায় অংশ নেন।

পরে উপজেলা পরিষদ হলরুমে পহেলা বৈশাখ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনীতে বাংলা নববর্ষ উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালিত

বর্ণিল আয়োজনে নানা কর্মসূচীতে গাংনীতে পালিতহয়েছে পহেলা বৈশাখ (বাংলা নববর্ষ-১৪২৯)।

গাংনীউপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রায় ছিল নানা রং আর রুপবৈচিত্রের সমাহার।বাদ্যেরতালে তালে বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীদের খন্ড খন্ড মিছিলে যেনো নব প্রস্ফুটিত হয়েছিলগাংনী উপজেলা শহর।
সকাল১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ চত্বর থেকে একটি বর্ণাঢ্য মঙ্গলবার শোভাযাত্রা বের হয়েউপজেলা শহরের প্রধান-প্রধান সড়ক প্রদিক্ষণ করে।
মঙ্গলশোভাযাত্রার অগ্রভাগে ছিলেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী সাধারণসম্পাদক এমএ খালেক, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, বিশিষ্ট সামাজিক সাংস্কৃতিকসংগঠক সিরাজুল ইসলাম, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন,মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপির প্রতিনিধিআওয়ামীলীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিকমেডিকেল অফিসার (আরএমও) ডাক্তার আব্দুল-আল মারুফ।
এছাড়া মঙ্গল শোভাযাত্রায় অংশ নেন, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মুহা. মনিরুল ইসলাম, গাংনীসরকারী পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু, গাংনী পাইলটস্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক আফজাল হোসেন, সন্ধানী সংস্থার পরিচালক মহা. আবু জাফর, গাংনী(বাঁশবাড়ীয়া) টেকনিক্যাল এন্ড ম্যানেজমেন্ট কলেজের আবুল কালাম আজাদ স্বপনসহ সরকারেরবিভিন্ন দপ্তরের কর্মকর্তা, শিক্ষক-শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।
পরে সকাল ১১টার দিকে উপজেলা পরিষদ চত্বরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।আলোচনাসভায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

মেহেরপুরে বর্ণাঢ্য আয়োজনে পহেলা বৈশাখ উদযাপিত

মেহেরপুরে বর্ণাঢ্য আয়োজনে পালিত হলো বাংলা নববর্ষের প্রথম দিন পহেলা বৈশাখ। নতুন বছরকে স্বাগত জানাতে মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে বর্নাঢ্য মঙ্গল শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে জেলা শিল্পকলা একাডেমী থেকে মঙ্গল শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসন চত্বরে গিয়ে শেষ হয়।

মঙ্গল শোভাযাত্রায় মেহেরপুর জেলা প্রশাসক ড. মোঃ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস,অতিরিক্তি পুলিশ সুপার জামিরুল ইসলাম, সদর উপজেলা নির্বাহি অফিসার আসাদুজ্জামান, পিপি পল্লব ভট্টাচার্য, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোঃ নাজমুল হুদা, জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশ নেয়।

এছাড়াও মেহেরপুরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারি ও বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান মঙ্গল শোভাযাত্রা বের করে। এসময় তারা বর-বধু, জেলে, কৃষক, সাপুড়ে সহ বিভিন্ন ধরনের সাজ সেজে মঙ্গল শোভাযাত্রার শোভাবর্ধন করে।

পরে জেলা প্রশাসন চত্বরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীরা বাংলা নববর্ষকে স্বাগত জানিয়ে বিভিন্ন সঙ্গীত ও কবিতা পরিবেশন করে জেলা প্রশাসক ড. মোঃ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম সহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মন জয় করে নেয়।

পরে বাংলা নববর্ষ উদযাপন উপলক্ষে জেলা শিশু একাডেমীর কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।